

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়
কক্সবাজার।
www.rrrc.gov.bd

স্মারক নং-৫১.০৪.২২০০.০০১.১১.০০৯.২১- ৬৫৮৭

তারিখ: ০৯ আগস্ট ২০২২ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বলপূর্বক বাস্তবায়িত মিয়ানমার নাগরিকদের মানবিক সহায়তা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয় এবং এর নিয়ন্ত্রণাধীন ক্যাম্পের (কক্সবাজার জেলার উখিয়া ও টেকনাফ উপজেলায় এবং নোয়াখালী জেলার ভাসানচরে স্থাপিত ক্যাম্প) জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইউএনএইচসিআর হতে অর্থায়ন প্রাপ্তিসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তে বিভিন্ন পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র/নং	পদের নাম	শূণ্য পদে সংখ্যা	বেতন (সাকুল্যে)	মন্তব্য
১।	রেফারেল কো-অর্ডিনেটর	০১	১,৫০,০০০/-	এমবিবিএস পাশ বিএমডিসি'র নিবন্ধনকৃত। সরকারী/বেসরকারী/আন্তর্জাতিক সংস্থায় ৭ (সাত) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এ ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। স্বাস্থ্য কেন্দ্র পরিচালনার অভিজ্ঞ, বৈদেশিক প্রশিক্ষণ, আন্তর্জাতিক সংস্থায় এ বিষয়ে অভিজ্ঞাসম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হবে।
২।	মেডিকেল টিম লিডার	০১	১,২০,০০০/-	এমবিবিএস পাশ বিএমডিসি'র নিবন্ধনকৃত। সরকারী/বেসরকারী/আন্তর্জাতিক সংস্থায় ৭ (সাত) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এ ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
৩।	মেডিকেল এসিস্ট্যান্ট	০২	৩৮,৫০০/-	সরকারী প্রতিষ্ঠান/সরকারীভাবে স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন মেডিক্যাল এসিস্ট্যান্ট পাশ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৪।	ফার্মাসিস্ট	০১	৩৮,৫০০/-	সরকারী প্রতিষ্ঠান/সরকারীভাবে স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন-ফার্মেসি (০৩ বছর মেয়াদী)। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। যেমন: Ms word, Ms excel, Ms power point কাজে পারদর্শী হতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
৫।	ফার্মাসিস্ট কাম ষ্টোর কিপার	০১	৩৮,২০০/-	সরকারী প্রতিষ্ঠান/সরকারীভাবে স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন-ফার্মেসি (০৩ বছর মেয়াদী)। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। যেমন: Ms word, Ms excel, Ms power point কাজে পারদর্শী হতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
৬।	হেথ্‌ কাউন্সিলর	০১	২৭,৬০০/-	স্নাতক পাশ (স্বাস্থ্য শিক্ষা বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে)।
৭।	মেডিকেল রেফারেল সহকারী	০৩	২৭,৬০০/-	স্নাতক পাশ (স্বাস্থ্য শিক্ষা বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে)।
৮।	এ্যাম্বুলেন্স চালক	০২	২৭,৬০০/-	এসএসসি পাশ (নবায়নকৃত গাড়ী ড্রাইভিং ও ০৫ বছরের গাড়ী চালানোর বাস্তব অভিজ্ঞতা)।

(ক) আবেদনপত্র শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার বরাবর দাখিল করতে হবে। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও অস্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ও জন্ম তারিখ, মোবাইল নম্বার উল্লেখ করতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও দক্ষতার সনদপত্র, জন্মনিবন্ধন/জাতীয় পরিচয়পত্র, ইউপি চেয়ারম্যান/পৌরসভা মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র ও সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট

সাইজের ছবি সত্যায়ন করে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। চাকরির আবেদন ফরম www.rrrc.gov.bd ডাউনলোড করে পূরণপূর্বক শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনার, কক্সবাজার বরাবর দাখিল করতে হবে।

- (খ) আবেদনকারীর বয়স ৩১ জুলাই ২০২২ খ্রি. তারিখ সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩৫ বৎসর হতে হবে। আগামী ২৫ আগস্ট ২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনার এর কার্যালয়, মোটেল রোড, কক্সবাজার এর ঠিকানায় ডাক যোগে এবং সরাসরি আবেদন পত্র জমা দেয়া যাবে। **খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।**
- (গ) লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীদের কোনও টিএ/ডিএ প্রদান করা হবে না। নিয়োগের বিষয়ে যে কোনও সুপারিশ/তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। স্বাক্ষরকারের তারিখ ও সময় পত্র জারি/ফোনের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। আবেদনপত্রের সাথে ১০ (দশ) টাকার ডাক টিকেট সহলিত ফেরত খাম (প্রার্থীর বর্তমান ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে।
- (ঘ) এটি সরকারি চাকরি নয়। এ নিয়োগের মেয়াদ ৩১ শে ডিসেম্বর ২০২২ পর্যন্ত। সন্তোষজনক কাজের ভিত্তিতে এবং কেবলমাত্র UNHCR হতে বছরভিত্তিক চুক্তির আওতায় অর্থ প্রাপ্তিসাপেক্ষে চাকরির মেয়াদ নির্ধারিত হবে। প্রতি বছর শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনারের সাথে চুক্তি স্বাক্ষর সাপেক্ষে চাকুরির মেয়াদ বৃদ্ধি পাবে।
- (ঙ) বর্ণিত মানবিক সহায়তা কার্যক্রম বন্ধ হলে বা অর্থসংস্থান না হলে বা সংশ্লিষ্ট কর্মচারীর সাথে চুক্তি সম্পাদন না করা হলে স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
- (চ) এ নিয়োগ ভবিষ্যতে কোনও সরকারি পদে নিয়োগ, বদলী বা আন্তীকরণের নিশ্চয়তা বহন করে না।
- (ছ) কর্তৃপক্ষ কোনও কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনও সময় নিয়োগ প্রদান ও বাতিলের পূর্ণ কর্তৃত্ব সংরক্ষণ করেন।
- (জ) নিয়োগের জন্য সুপারিশকৃত কর্মচারী কর্তৃপক্ষের সাথে বছরভিত্তিক চুক্তি স্বাক্ষর ব্যতিরেকে কোনোভাবেই আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।
- (ঝ) পদের সংখ্যা কম/বেশি করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

শাহ রেজওয়ান হায়াত

(অতিরিক্ত সচিব)

শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনার

ফোনঃ ০৩৪১-৬৩৫১৩

তারিখ: ০৯ আগস্ট ২০২২ খ্রি.

স্মারক নং-৫১.০৪.২২০০.০০১.১১.০০৯.২১- ৬৫৮৯

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: কার্যার্থে:

২। সম্পাদক, দৈনিক,। উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি বহল প্রচারিত দৈনিক পত্রিকায় আগামী.....খ্রি. তারিখের মধ্যে স্বল্প পরিসরে একবার প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

মোহাম্মদ সামছু-দৌজা

(উপ-সচিব)

অতিরিক্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনার

ফোন নং - ০৩৪১-৬৩৬৮০